

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১১৩

১১/ বিবাহ (ﷺ کتاب النکاح عن رسول الله )পরিচ্ছেদঃ মহিলাদের দেনমহর।

باب مَا جَاءَ فِي مُهُورِ النِّسَاءِ

## আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّتَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، وَمُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، قَالُوا حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ عَاصِمِ بْنِ عُبَيْدِ اللَّهِ، قَالَ سَمِعْتُ عَبْدَ اللَّهِ بْنَ عَامِرِ بْنِ بَيِعَةً، عَنْ أَبِيهِ، أَنَّ امْرَأَةً، مِنْ بَنِي فَزَارَةَ تَزَوَّجَتْ عَلَى نَعْلَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى لله عليه وسلم " أَرضيت مِنْ نَفْسِكِ وَمَالِكِ بِنَعْلَيْنِ " . قَالَتْ نَعَمْ . قَالَ فَأَجَازَهُ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَأَبِي هُرَيْرَةَ وَسَهْلَ بْنِ سَعْدٍ وَأَبِي سَعِيدٍ وَأَنَسٍ وَعَائِشَةَ وَجَابِرٍ وَأَبِي وَفِي الْبَابِ عَنْ عُمَرَ وَأَبِي هُرَيْرَةَ وَسَهْلَ بْنِ سَعْدٍ وَأَبِي سَعِيدٍ وَأَنَسٍ وَعَائِشَةَ وَجَابِرٍ وَأَبِي حَدْرَدِ الأَسْلَمِيّ . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَامِرِ بْنِ رَبِيعَةَ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَاخْتَلَفَ حَدْرَدِ الأَسْلُمِيّ . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَامِرِ بْنِ رَبِيعَةَ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَاخْتَلَفَ مَدْرَدِ الْأَسْلُمِيّ . قَالَ أَبُو عِيسَى حَديثُ عَامِرِ بْنِ رَبِيعَةَ حَديثٌ حَسَنٌ صَحِيحٌ . وَاخْتَلَفَ الْعَلْمِ فِي الْمَهْرِ فَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ الْمَهْرُ عَلَى مَا تَرَاضَوْا عَلَيْهِ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَالشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَقَالَ مَالِكُ بْنُ أَنَسٍ لاَ يَكُونُ الْمَهْرُ أَقَلَ مِنْ عَشْرَةِ دَرَاهِمَ .

## বাংলা

১১১৩. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) .... আমির ইবনু রাবিয়া রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, বানী ফাযারার জানৈক মহিলা দুটো পাদুকা মহরানার বিনিময়ে বিবাহ করে। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, তোমরা জান ও মালের বিনিময়ে এই দুটো পাদুকার ওপর তুমি নিজের বিয়েতে রাজি হয়ে গেলে? মহিলাটি বলল, হ্যাঁ। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তখন এই বিয়ের অনুমোদন দিয়ে দিলেন। - ইবনু মাজাহ ১৮৮৮, তিরমিজী হাদিস নম্বরঃ ১১১৩ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, আবূ হুরায়রা, সাহল ইবনু সা'দ, আবূ সাঈদ, আনাস, আয়িশা, জাবির এবং আবূ হাদরাদ আসলামী রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আমির ইবনু রাবিআ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। মহরানার পরিমাণ সম্পর্কে আলিমগণের মতবিরোধ রয়েছে। কেউ কেউ বলেন, যে পরিমাণ মোহরের উপর তারা সম্মত হয় তা-ই মহর বলে গণ্য হবে। এ হলো সুফইয়ান ছাওরী,



শাফিঈ, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। ইমাম মালিক ইবনু আনাস (রহঃ) বলেন, এক দ্বীনার (স্বর্ণমুদ্রা)-এর এক চতুর্থায়শের কম মহর হতে পারে না। কুফাবাসী কতক আলিম বলেন দশ দিরহামের কমে মহর হতে পারে না।

## **English**

Abdullah bin Amr bin Rabi'ah narrated from his father:

"A woman from Banu Fazarah was married for (the dowry of) two sandals. So the Messenger of Allah said to her: 'Do you approve of (exchanging) yourself and your wealth for two sandals?' She said: 'Yes.'" He said: "So he permitted it."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আমির ইবনু রাবী আহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন